দৈনিক ইত্তেফাক

তারিখ 12 JAN 1993
পৃষ্ঠা ৮ কলাম ৫

# বুয়েটে সংকট ।। সমাবর্তন স্থগিত

ইত্তেফাক রিপোর্ট ।। ৭ই জানুয়ারী সোহরাওয়ার্দী হলের প্রভোষ্ট অফিসে হামলার ঘটনাকে কেন্দ্র করিয়া প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ক্যাম্পাসে সংকট বৃদ্ধি পাইয়াছে। এই ঘটনায় জড়িতদের বিচারের দাবীতে সকল হলের প্রভোষ্টবৃন্দ গতকালও তাহাদের পদত্যাগপত্র প্রত্যাহার করিয়া নেন নাই। উদ্ভুত পরিস্থিতির কারণে ১৬ই জানুয়ারী অনুষ্ঠিতব্য বুয়েটের সমাবর্তন-'৯৩ স্থগিত ঘোষণা করা হইয়াছে। এ ব্যাপারে রবিবার গভীর রাত পর্যন্ত ভিসি'র উপস্থিতিতে শিক্ষক সমিতি ও প্রভোষ্টবৃন্দের যৌথ সভা অনুষ্ঠিত হয়। গতকাল সকালে ডীনদের সহিত ভিসি পৃথক বৈঠকে মিলিত হন। বিকাল ৫টায় সিণ্ডিকেটের জরুরী সভা অনুষ্ঠিত হয়। আজ মঙ্গলবার সকাল সাড়ে ৯টায় একাডেমিক কাউন্সিলের জরুরী সভা আহ্বান করা হইয়াছে।